

তারিখ : ২৬/০৬/২০২০

বাড়ির কাজ - ২
পরিশ্রমের ফল
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

১) সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

ক) বিনা পরিশ্রমে ধনলাভ - অল্পলোকের / বেশি লোকের / কোনো লোকের ভাগ্যে ঘটে।

খ) যারা পরিশ্রম না করে ধনবান হন তাদের - আত্মীয়স্বজন/ পাড়া প্রতিবেশী/ পূর্ব পুরুষেরা পরিশ্রম দ্বারা ওই ধন উপার্জন করে গেছেন।

গ) লোকে পরিশ্রম করে উপার্জন করে - মান সন্মান/ অর্থ/ শিক্ষা।

ঘ) অর্থ না হলে যা সম্পন্ন হয় না তা হল - সংসার যাত্রা/ ভ্রমণ করা/ জন্মগ্রহণ করা।

ঙ) বালকের পরিশ্রম করে জীবিকা নির্বাহ - সমর্থনযোগ্য / সমর্থনযোগ্য নয় / উচিত।

চ) বালকেরা যতদিন কর্মক্ষম না হয় তাদের প্রতিপালন করেন - গুরুজন / পিতামাতা / আত্মীয়স্বজন।

ছ) পিতামাতা বৃদ্ধ হয়ে কর্ম করতে অক্ষম হলে তাঁদের প্রতিপালন করা অবশ্য কর্তব্য কর্ম মেয়েদের / জামাতাদের / পুত্রদের।

জ) হতভাগ্য বালকেরা সর্বদা অলস হয়ে ভালবাসে - সময় বাঁচাতে / সময় সাশ্রয় করতে / সময় নষ্ট করতে।

ঝ) “বাল্যকাল অবধি পরিশ্রম করিতে অভ্যাস করা” উচিত - বালকগণের / বালিকাগণের / নারী-পুরুষের।

ঞ) অন্ন, বস্ত্র, গৃহ প্রভৃতি সমস্ত বস্তু - ব্যয়সাধ্য / অর্থসাধ্য / ব্যয়বহুল।